

## সাধনচন্দ্র মহাবিদ্যালয়

হরিণডাঙা, ফলতা, দক্ষিণ ২৪ পরগনা

### বিজ্ঞপ্তি

০৫-১১-২০

এতদ্বারা প্রথমবর্ষে অনলাইনে ভর্তি হওয়া সমস্ত ছাত্রছাত্রীদের উদ্দেশে জানানো হচ্ছে যে, উচ্চ শিক্ষা দফতরের নির্দেশিকা (৯১৫-ইডিএন(সিএস)/১০এম-৯৫/১৪) অনুযায়ী, যারা একাধিক কলেজে ভর্তি হয়েছো, তাদের একটি অঙ্গীকারপত্র কলেজকে জমা দিতে হবে। উক্ত অঙ্গীকারপত্রে ছাত্রছাত্রীদের জানাতে হবে যে, তারা আমাদের কলেজে একটি মাত্র কোর্সেই ভর্তি হয়েছে এবং দ্বিতীয় কোনও কলেজের অন্য কোনও কোর্সে ভর্তি হয়নি। পাশাপাশি আমাদের কলেজে যারা জেনারেল কোর্সে ভর্তি হয়ে অনার্স বা একটি অনার্স থেকে অন্য কোনও অনার্সে ভর্তি হয়েছে, সেই সমস্ত ছাত্রছাত্রীদের প্রথম কোর্সটির ভর্তি বাতিল করতে ইচ্ছুক জানিয়ে অঙ্গীকারপত্র দিতে হবে। সেক্ষেত্রে তারা ৭৫ শতাংশ ভর্তি ফি পরে ফেরত পাবে। এই গোটা প্রক্রিয়াটি আগামী ১২ নভেম্বরের মধ্যে ছাত্রছাত্রীদের সম্পন্ন করতে হবে। অঙ্গীকারপত্রটি স্ক্যান করে এই ইমেলে পাঠাতে হবে- [sadhanchandra.mahavidyalaya@gmail.com](mailto:sadhanchandra.mahavidyalaya@gmail.com)।

Subject এ লিখতে হবেঃ Declaration Letter

যারা একাধিক কোর্সে ভর্তি হয়ে থাকবে এবং এই অঙ্গীকার পত্র জমা করবে না, বিশ্ববিদ্যালয় তাদের রেজিস্ট্রেশন বাতিল করতে পারে। সেক্ষেত্রে কলেজ কোন ভাবে দায়ী থাকবে না।

অনুমত্যানুসারে